গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
লাকসাম, কুমিল্লা

নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩০তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৫/১১/২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে নভেম্বর ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ৩০তম সভার) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২১-২০২২ অর্থ বছরের অক্টোবর-২০২১ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**অক্টোবর ২০২১ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ৪৫,০০,২৬৭/-<br>খ) সাব রেজিস্ট্রি অফিস হতে<br>প্রাপ্ত স্থাবর সম্পত্তি হস্তান্তর কর =২২,১০,৯৪১/-<br>মোট আয় = ৬৭,১১,২০৮/-<br><br>**অক্টোবর ২০২১ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন = ৩৩,০০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫০০০/-<br>মোট ব্যয় = ১,৬২,০০০/-<br><br>অবশিষ্ট স্থিতি =৬৫,৪৯,২০৮/-<br>(পয়ষট্টি লক্ষ উনপঞ্চাশ হাজার দুইশত আট সাত) টাকা। | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উত্থাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় অক্টোবর ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | **উপজেলা কৃষি অফিস ঃ-** উপজেলা কৃষি অফিসার লাকসাম বলেন, রবি/২০২১-২০২২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় রবি মৌসুমে বোরো ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ৫ কেজি করে বোরো (উফসী) বীজ ও ১০ কেজি করে ডিএপি ও এমওপি সারের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত কর্মসূচীগুলোর দ্রুত উদ্বোধন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি অফিসের স্বাভাবিক কার্যক্রম চলমান রাখার জন্য উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, লাকসাম। |
| ৭.২ | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম বলেন বুস্টার টিকা দেয়ার সুবিধার্থে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে স্কুলসমূহের কিশোর কিশোরী ক্লাব এর সাথে উপজেলা স্বাস্থ্য বিভাগের সম্পৃক্তকরণের জন্য বলেন। তিনি বলেন আগামী ৩০ নভেম্বর ২০২১ এ কমিউনিটি ক্লিনিক এ টীকা প্রদান করা হবে। এ প্রক্রিয়ায় কিছু অস্থায়ী রেজিস্ট্রেশন বুথ প্রস্তুত করার কথা বলেন। আগামী ১১ ডিসেম্বর ২০২১ তারিখে জাতীয় ভিটামিন 'এ' প্লাস ক্যাম্পেইন পালন করা হবে। তিনি বলেন লাকসাম উপজেলায় ১৬টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে গত মাসে ১০৮৬৬ জন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বহি:বিভাগে ৭০৯১ জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম। |
| ৭.৩ | **উপজেলা প্রকৌশলী অফিস ঃ**<br>ক) উপজেলা প্রকৌশলী, লাকসাম জানান চলতি ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ৪র্থ কিস্তি বাবদ প্রাপ্ত ২০.৩৭ লক্ষ টাকার স্কিম বাস্তবায়নের সিদ্ধান্ত রয়েছে। সে জন্য উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ এবং হস্তান্তরিত বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত স্কিম প্রস্তাব যা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক যাচাই-বাছাইয়ান্তে বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে। অদ্যকার সভায় স্কিমসমূহ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা যেতে পারে। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) স্কিমসমূহ সংশ্লিষ্ট স্কিমের বিপরীতে উল্লিখিত পদ্ধতি ও ব্যয়ে বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হলো। বর্ণিত স্কিমসমূহের প্রাক্কলন অনুমোদন করা হলো। এছাড়া দরপত্র মূল্যায়ন প্রতিবেদন ও প্রযোজ্য ক্ষেত্রে পিআইসি কমিটি অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী, লাকসাম পিই হিসেবে দায়িত্ব পালনসহ প্রযোজ্য ক্ষেত্রে দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম। |
| | খ) উপজেলা প্রকৌশলী, লাকসাম জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা এর ২৪ নভেম্বর ২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৮.২০-৬১০ নম্বর স্মারকে লাকসাম উপজেলা পরিষদের অভ্যন্তরে কোর্ট বিল্ডিং ভবন | খ)পরিষদের নিয়ন্ত্রণাধীন বিনষ্টযোগ্য গাছ নিলামের জন্য স্থানীয় সরকার বিভাগেরউপ-২/৪পি-১২৪/২০০৫/৩৮৪,তাং১৫.০৮.২০০৭ইং স্মারকের পরিপত্রের | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | কনডেমড ঘোষনা ও নিলামে বিক্রির প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে বলে সভাকে অবহিত করেন। উপজেলা পরিষদের আওতাধীন পরিত্যাক্ত সম্পদ নিলামের মাধ্যমে বিক্রয়ের কমিটি না থাকায় নিলাম করার ক্ষেত্রে সমস্যা হয়। এছাড়া এলজিইডি'র আওতাধীন পরিত্যক্ত অবকাঠামো নিলামের জন্য কোন কমিটি নেই। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোকে উপজেলা পরিষদ, লাকসাম ও এলজিইডি'র আওতাধীন পরিত্যক্ত অবকাঠামো নিলামের মাধ্যমে বিক্রয়ের লক্ষ্যে নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলো।<br>ক) উপজেলা নির্বাহী অফিসার- আহবায়ক<br>খ) চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি- সদস্য<br>গ) প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা -সদস্য<br>ঘ) উপজেলা প্রকৌশলী - সদস্য সচিব | |
| | গ) উপজেলা প্রকৌশলী, লাকসাম জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক প্রশিক্ষণ ভবন নির্মাণের লক্ষ্যে জায়গা বরাদ্দের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম মহোদয় বরাবর পত্র প্রদান করা হয়েছে। এতদপ্রসঙ্গে জানানো যাচ্ছে উপজেলা পরিষদ কম্পাউন্ডের পরিকল্পিত উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান অনুযায়ী উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হচ্ছে। মাস্টার প্ল্যান প্রদর্শিত লেকের উত্তর দিকে ভবিষ্যত সম্প্রসারণের স্থান নির্ধারিত আছে যার একটি অংশে গণপূর্ত বিভাগ কর্তৃক সমন্বিত প্রশিক্ষণ ভবন নির্মাণের জন্য সম্মতি প্রদান করা হয়েছে। সার্বিক বিবেচনায় এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | গ) মাস্টার প্ল্যানে প্রদর্শিত লেকের উত্তর-পশ্চিম কর্ণারে ব্যানবেইস কর্তৃক প্রশিক্ষণ ভবন নির্মাণের স্থান নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,লাকসাম।<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম।<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| | ঘ) মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহহীনদের ঘর প্রদানের জন্য উপজেলা পরিষদের অর্থায়নে ০৩টি ঘর নির্মাণের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। বর্তমানে আশ্রয়ণ প্রকল্প হতে ঘর নির্মাণের নতুন ডিজাইন ও প্রাক্কলন প্রণীত হয়েছে। সে অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম কর্তৃক নির্ধারিত স্থানে উপজেলা পরিষদের অর্থায়নে ০৩টি ঘর নির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | ঘ) আশ্রায়ণ প্রকল্প হতে প্রদত্ত ডিজাইন ও প্রাক্কলন অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক নির্ধারিত স্থানে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ঘর নির্মাণ করা যেতে পারে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম<br>৩।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| | ঙ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য জাতীয় দৈনিক বাংলা ও ইংরেজি পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। পত্রিকা কর্তৃপক্ষ বিল দাখিল করেছেন যা পরিশোধের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | ঙ) বিধি মোতাবেক বিজ্ঞাপন বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী, লাকসাম |
| ৭.৪ | **উপজেলা মৎস্য অফিসঃ** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার লাকসাম বলেন, বৃহত্তর কুমিল্লা জেলার মৎস্য উন্নয়ন প্রকল্পের ডিপিপিতে অন্তর্ভূক্ত ৩টি পুকুরের মধ্যে ০২টি পুকুর (ক) পশ্চিমগাঁও কাছারি পুকুর, (খ) দোখাইয়া পুকুর এই ০২(দুই)টি পুকুরের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়েছে। অচিরেই এই ০২(দুই)টি পুকুর এন.ও.সি পাবে। এনওসি পেলেই প্রকল্প প্রাক্কলন প্রস্তুত করে এল.সি.এস কমিটির মাধ্যমে প্রকল্পগুলো বাস্তবায়ন করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মৎস্য অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| ৭.৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন ২০২১ সনের এসএসসি, দাখিল, ভোকেশনাল পরীক্ষা অত্যন্ত সুন্দর ও নকলমুক্ত পরিবেশে শেষ হয়েছে। তিনি বলেন ০২ ডিসেম্বর ২০২১ তারিখে ২০২১ সনের এইচ.এস.সি ও আলিম পরীক্ষা শুরু হতে যাচ্ছে। উপজেলা আই.সি.টি ট্রেনিং সেন্টারের জন্য ইত্যোপূর্বে ১০ শতাংশ জায়গা উপজেলা পরিষদের কার্যবিবরণীর মাধ্যমে বরাদ্দ দেয়া হয় যেখানে ইত্যোমধ্যে প্রকল্প কর্তৃক সয়েল টেস্ট করা হয়। কিন্তু বর্তমান মাস্টার প্ল্যান অনুযায়ী ঐ নির্ধারিত স্থানে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন নির্মানাধীন। এমতাবস্থায় আইসিটি ভবনের নির্মাণ কাজ করার নিমিত্তে ঠিকাধারী প্রতিষ্ঠানকে জায়গা বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশনা এসেছে। তিনি মাস্টার প্ল্যান অনুযায়ী উপজেলা আইসিটি ভবনের জন্য নির্ধারিত জায়গা দ্রুততার সাথে প্রাপ্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ, লাকসাম এর প্রতি অনুরোধ জানান। | ক) সভায় বিস্তারিত আলোচনান্তে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা এবং পরীক্ষা গ্রহণ কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য মনিটরিং করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসামকে বলা হয়।<br>খ) মাস্টার প্ল্যানে প্রদর্শিত লেকের উত্তর পশ্চিম কর্ণারে ব্যানবেইজ কর্তৃক প্রশিক্ষণ ভবন নির্মাণের স্থান নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম |
| ৭.৬ | **উপজেলা সমবায় অফিস ঃ**<br>উপজেলা সমবায় অফিসার, লাকসাম জানান, তার কার্যালয়ে ২০১৯-২০২০ অর্থ বছরের প্রাথমিক ও কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ এর নীট লাভের একটি তথ্য নিম্নোক্তভাবে সভাকে অবহিত করেন।<br>প্রাথমিক সমবায় সমিতির সি.ডি.এফ পরিশোধ=৩৪,৪৫৪/-<br>অডিট ফি=৪৫,৫৯০/-<br>অডিট ভ্যাট=৬৮৪১/-<br>কেন্দ্রীয় পউবো :<br>সি.ডি.এফ পরিশোধ=২০,৭৮৩/-<br>অডিট ফি=৩০,০০০/-<br>অডিট ভ্যাট=৪৫০০/- | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমবায় অফিসের সার্বিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসার, লাকসামকে বলা হয়। | উপজেলা সমবায় অফিসার, লাকসাম |
| ৭.৭ | **উপজেলা খাদ্য অফিস:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক লাকসাম বলেন, ২৮ জন ডিলারের মাধ্যমে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় ৭১৩০ জন উপকারভোগীকে ১০ টাকা কেজি দরে ২১৩.৯০০ মে: টন চাল নভেম্বর-২০২১ মাসে বিতরণ করা হয়। তিনি বলেন ২৫/১১/২০২১ খ্রি. তারিখে খাদ্য গুদামে চালের মজুত ৪৪১ মে: টন এবং গম ৫৫ মে: টন। তিনি আরো জানান অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০২১ এর অধীনে ধানের বরাদ্দ ২৭৪ মে: টন, চালের বরাদ্দ ২৬১৮ মে: টন। কৃষকের এপিপিএস এর মাধ্যমে আমন ধান সংগ্রহ করা হবে। ২৫/১১/২০২১ তারিখ পর্যন্ত এপিপিএস এর মাধ্যমে কৃষক নিবন্ধিত হয়েছে ৯৭ জন। ধানের ক্রয়মূল্য প্রতি কেজি ২৭ টাকা। চালের ক্রয়মূল্য প্রতিকেজি ৪০ টাকা। তালিকাভূক্ত চুক্তিবদ্ধ মিলার থেকে চাল সংগ্রহ করা হবে। চাল বিক্রি কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দৌলতগঞ্জ খাদ্য গুদামে ৮৫০ মে.টন চাল এবং ৫০ মে.টন গম মজুদ রয়েছে বলে সভাকে অবহিত করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষকের এপিপিএস এর মাধ্যমে আমন ধান সংগ্রহ কার্যক্রমে ইউপি চেয়ারম্যানদেরকে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.৯ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা লাকসাম বলেন মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে আগামী জুলাই ২০২২ হতে জুন ২০২৩ মেয়াদে ''উচ্চ ফলনশীল বারোমাসি সব্জি উৎপাদনের মাধ্যমে কুমিল্লা জেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি'' কর্মসূচীর কার্যক্রম শুরু হবে। উক্ত কার্যক্রমের আওতায় নির্ধারিত শর্তাবলী মোতাবেক লাকসাম উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদ হতে ১০০ জন সুবিধাবঞ্চিত নারী উপকারভোগী নির্বাচন করতে হবে যাদেরকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আয় ও কর্মসংস্থান বৃদ্ধির সুযোগ তৈরী করা হবে। তিনি উক্ত কার্যক্রম বাস্তবায়নে কৃষি অধিদপ্তর ও ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি বলেন২০২১-২০২২ চক্রের ভিজিডি নভেম্বর-২০২১ খ্রি. মাসের খাদ্য অর্পনাদেশ (ডি.ও) প্রদান করা হয়েছে। তিনি বলেন ২০২১-২০২২ অর্থ বছরের দরিদ্র মার জন্য মাতৃত্বভাতা কর্মসূচির সেপ্টেম্বর-২০২১ খ্রি. মাস পর্যন্ত উপকারভোগীদের ভাতা প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে '' উচ্চ ফলনশীল বারোমাসি সব্জি উৎপাদনের মাধ্যমে লাকসাম উপজেলার সুবিধা বঞ্চিত নারীদের আয় ও কর্মসংস্থান বৃদ্ধি'' কর্মসূচীর কার্যক্রম বাস্তবায়নে ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম<br>২। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকা, ৫৬.৯৯৪৫ মে:টন চাউল ও ৫৬.৯৯৪৫ মে:টন গমের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত ২৬,৯৩,৫৩৮/৫৩ টাকার বিপরীতে ১০টি, ৫৬.৯৯৪৫ মে:টন চাউলের বিপরীতে ৯টি এবং ৫৬.৯৯৪৫ মে:টন গমের বিপরীতে গৃহীত ৯টি প্রকল্প তালিকা গত ২১/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন পূর্বক বরাদ্দ পত্র জারী করেছেন। | ক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে দাখিলকৃত প্রকল্প তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদনের জন্য জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায়ে লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৭১,৮৭,৫২২/৯৬১ টাকা, ১৫৯.৯৪৪ মে.টন চাল ও ১৫৯.৯৪৪ মে.টন গম বরাদ্দ পাওয়া গেছে। | খ) উক্ত বরাদ্দকৃত টাকা ও খাদ্যশস্যের মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধি মোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত টাকার বিপরীতে গৃহীত ২৫টি প্রকল্পের তালিকা গত ২১/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন পূর্বক বরাদ্দ পত্র জারী করেছেন। | গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে দাখিলকৃত প্রকল্প তালিকা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি যাচাই বাছাই করে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণের অনুকূলে ১ম কিস্তিতে টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় | ঘ) উক্ত বরাদ্দকৃত টাকার মাধ্যমে পরিপত্রের নীতিমালা অনুযায়ী মন্ত্রী | ১। উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | লাকসাম ও মনোহরগঞ্জ উপজেলার জন্য ৪৯,৫৭,৬৬৬/৬৬ টাকার বরাদ্দ পাওয়া গিয়াছে । | মহোদয়ের নিকট হতে প্রকল্প প্রস্তাব পাওয়ার পর জেলা কমিটির অনুমোদনের জন্য বিধিমোতাবেক জেলাপ্রশাসক কুমিল্লা মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | (ঙ) ২০২১-২০২২ অর্থ বছরে আসন্ন শীত মৌসুমে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণের জন্য জেলাপ্রশাসক, কুমিল্লা মহোদয়ের কার্যালয় হতে প্রতিটি পৌরসভা ও ইউনিয়নের জন্য ৪৭০টি করে মোট ৪২৩০ পিচ কম্বলের বরাদ্দ প্রদান করেছেন। | (ঙ) উক্ত বরাদ্দকৃত কম্বল ০১টি পৌরসভা ও ০৮টি ইউনিয়নের অনুকূলে উপ-বরাদ্দ ক্রমে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। মেয়র, লাকসাম পৌরসভা।<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **মুদাফরগঞ্জ দক্ষিণ ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন বিএডিসি কর্তৃক হাইব্রীড বীজ পেয়েছেন কিন্তু বোরো (উফসী) বীজ পাননি বলে জানান। তিনি বলেন মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়নের ২ নং ওয়ার্ডের ফুলহরা পূর্ব মাঠে একটি মজা খাল রয়েছে। কৃষকের স্বার্থে উক্ত খাল খনন করা প্রয়োজন। তিনি কাগৈয়া রেললাইনের দক্ষিণ পাশে একটি ব্রীজের জন্য পুনরায় প্রস্তাব করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বোরো (উফসী) বীজ সরবরাহ এবং মজা খাল খননের বিষয়ে উপজেলা কৃষি অফিসার লাকসামকে প্রয়োজনীয় ব্যবস্থা সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ**<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ০৮ নভেম্বর ২০২১ খ্রি. তারিখের ৫৬.০৪.০০০০.০০৬.১৪.০০১.২০.১৬৮ নম্বর স্মারকে উপজেলা পর্যায়ে এলইডি ডিসপ্লে স্থাপনে সম্মতি এবং সম্ভাব্য স্থান নির্বাচনপূর্বক প্রেরণের জন্য বলা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন। এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে মেয়র, লাকসাম পৌরসভার সাথে আলোচনাক্রমে এলইডি ডিসপ্লে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। মেয়র, লাকসাম পৌরসভা, |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন জনাব রাকিবুল হাসান, উদ্যোক্তা, উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টার উপজেলা পরিষদের অভ্যন্তরে | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা জনাব রাকিবুল হাসানকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| | কিছু সি.সি ক্যামেরা মেরামত ও নতুন ক্রয় বাবদ ২২,০০০/- (বাইশ হাজার) টাকার বিল দাখিল করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | হতে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা উত্তোলন পূর্বক পরিশোধের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৯.২ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম** : চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ বলেন উপজেলা কমিটি কর্তৃক সভা না করায় তার প্রভাব পড়ে। তিনি যে সব উপজেলা কমিটি কর্তৃক সভা করা হয়নি সে সব উপজেলা কমিটির সভাপতি/সদস্য সচিবদেরকে সভা করে এর কার্যবিবরণী দ্রুত উপজেলা পরিষদে প্রেরণের জন্য অনুরোধ জানান।<br>তিনি আরও বলেন শহীদ বুদ্ধিজীবী দিবস, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের সকল অনুষ্ঠান জাঁকজমক ও যথাযোগ্য মর্যাদায় রাষ্ট্রীয় সিদ্ধান্তের আলোকে বাস্তবায়নের জন্য সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তা-কর্মচারীদের আহবান জানান। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে যে সকল উপজেলা কমিটি কর্তৃক সভা করা হয়নি সে সকল উপজেলা কমিটির সভাপতি/সদস্য সচিবদেরকে সভা করে এর কার্যবিবরণী উপজেলা পরিষদে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। দপ্তর প্রধান (সকল) লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নম্বর-০৫.৪২.১৯৭২.০০৬.০০.০১৩.২০২১-৮৫৬

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৮
২৫ নভেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ...............অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ....................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। উদ্যোক্তা, উপজেলা ডিজিটাল সেন্টার, লাকসাম (ওয়েবপোর্টালে প্রকাশের জন্য)
১১। অফিস কপি।

২৫/১১/২১

( এ.কে.এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।

পরিশিষ্ট-খ

Upazilla Parishad

Laksham, Cumilla.

Scheme Proposal

| Sl. No. | Name of Work | Work type/ Budget Source | Union | Estimated Amount | Tendering Method | Remaks |
|---|---|---|---|---|---|---|
| 1 | Construction of Koar Bazar Community Clinic under Bakoi South UP, Laksham, Cumilla. | Health & Social Welfare | Bakoi South | 7,00,047.00 | LTM | |
| 2 | Supplying and distribution of playing accessories to Bizra, Borigaon, Ashowdia, Koitra, Gazirpar, Koar, Bakoi Government Primary School and Bizra, Borigaon, Ashowdia High School under Bakoi South UP, Laksham, Cumilla. | Youth, sports and culture | Bakoi South | 1,99,600.00 | LTM | |
| 3 | Supplying and distribution playing accessories and Educational materials for Chaild to Bakoi Shiso Forum and Supplying 09 Nos Bicycle for gram Police under Bakoi South UP, Laksham, Cumilla. | Youth, sports and culture | Bakoi South | 1,29,600.00 | LTM | |
| 4 | Slope protection of Pond near Road of Kuar Bazar Bakoi UPC under Bakoi UP, Laksham, Cumilla. | Physical Infrastructure | Bakoi South | 3,00,000.00 | LTM | |
| | | Sub Total (Bakoi South) = | | 13,30,047.00 | | |
| 5 | Supplying medical equipment to UHFWC under Mudaforgonj North UP & Betagaon, Laksham, Cumilla. | Public Health | Mudaforgonj North | 1,00,000.00 | PIC | |
| | | Sub Total (Mudaforgonj North) = | | 1,00,000.00 | | |
| 6 | Construction of RCC pipe drain at Sreyan Razapur Road (Ch. 270-288) under Mudaforgonj South UP, Laksham, Cumilla. | Physical Infrastructure | Mudaforgonj South | 70701.00 | LTM | |
| | | Sub Total (Mudaforgonj South) = | | 70,701.00 | | |
| 7 | Distribution of fish Renu among poor fish farmers of Kandirpar Union Parishad under Laksham, Cumilla. | Fisheries & Livestock | Kandirpar | 1,00,000.00 | LTM | |
| | | Sub Total (Kandirpar) = | | 1,00,000.00 | | |
| 8 | Supplying and installation of water purifier at Boroigaon girls school, Eruain Jihadia Madrasa and officers club, Laksham, Cumilla | Health & Social Welfare | - | 136252.00 | PIC | |
| 10 | Procuring oxygen cylinder for Laksham Upazila Health Complex, Laksham, Cumilla | Health & Social Welfare | - | 300000.00 | RFQ | |
| | | Sub Total (Central) = | | 4,36,252.00 | | |

মোঃ ইউনুছ ভূঁইয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।